

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২০৭০

७/ विवार (حتاب النكاح)

পরিচ্ছেদঃ ১০৯. মাহর নির্ধারণ ব্যতীত এক বিবাহের পরিবর্তে অন্য বিবাহ।

باب فِي الشِّغَارِ

আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكِ، ح وَحَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ، حَدَّثَنَا يَحْيَى، عَنْ عُبَيْدِ اللَّهِ، كَلَاهُمَا عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم نَهَى عَنِ الشِّغَارِ. كَلاَهُمَا عَنْ نَافِعٍ، عَنِ ابْنَ عُمَرَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم نَهَى عَنِ الشِّغَارِ وَلَاهُمَا عَنْ نَافِعٍ مَا الشِّغَارُ قَالَ يَنْكِحُ ابْنَةَ الرَّجُلِ وَيُنْكِحُهُ ابْنَتَهُ بِغَيْرِ صَدَاقٍ وَيَنْكِحُ أَخْتَ الرَّجُلِ وَيُنْكِحُهُ أَخْتَهُ بِغَيْرِ صَدَاقٍ .

বাংলা

২০৭০. আল কা'নবী ইবন উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম শিগার করতে নিষেধ করেছেন। রাবী মুসাদ্দাদ তার বর্ণিত হাদীসে অতিরিক্ত বর্ণনা করেছেন যে, আমি নাফি'কে জিজ্ঞাসা করি, শিগার কী? তিনি বলেন, কেউ যদি কারো মেয়েকে বিবাহ করে এই শর্তে যে, সে তার মেয়েকে এর পরিবর্তে তার নিকট বিবাহ দিবে মাহর নির্ধারণ ব্যতীত। কিংবা কেউ যদি কারো বোন বিবাহ করে, আর সেও তার সাথে নিজের বোন বিবাহ দেয় মাহর ব্যতীত। (অর্থাৎ একের বিবাহের পরিবর্তে বিনা মাহরের অপরের বিবাহ সম্পাদনকে শিগার বলে। অন্ধকারযুগে আরবে এরূপ বিবাহ প্রচলিত ছিল)।

English

Ibn 'Umar said "The Apostle of Allaah()) prohibited shighar marriage. Musaddad added in his version "I said to 'Nafi "What is shighar?" (It means that) a man marries the daughter of another man and gives his own daughter to him in marriage without fixing dower; and a man marries the sister of another man and gives him his sister in marriage without fixing dower.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউল্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন